

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

স্মারক নং-৩(১)শুল্ক-৪/৮২(অংশ-৪)/৬০৯

তারিখ-২৩.০৪.১৯৯৮ ইং

অফিস স্মারক

বিষয় : ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে বন্ডেড ওয়্যারহাউস সুবিধা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ৩(১)শুল্ক-৪/৮২(অংশ-৪)/১৬২৭-১৬৩৫ তারিখ-২৩.০৯.৯৭ এর মাধ্যমে প্রেরিত সংযুক্ত সার-সংক্ষেপ এর অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (২) নিম্নরূপ প্রতিস্থাপিত হবেঃ

(২) পণ্য আমদানিকালে আমদানি শুল্ক স্টেশন/হাউসে চালান ভিত্তিক শুল্ক করের সমপরিমাণ ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে এবং এক চালানে বা পৃথক চালানে ০৩ (তিন) মাসের জন্য প্রয়োজনীয় কাঁচামালের অতিরিক্ত কাঁচামাল আমদানি করা যাবে না এবং আমদানিকৃত ০৩ (তিন) মাসের কাঁচামাল এক্সবন্ড করার পর পরবর্তী তিন মাসের জন্য বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির আওতায় আমদানি করা যাবে। এ লক্ষ্যে কোন শুল্ক স্টেশন/হাউস দিয়ে পণ্য আমদানিকালে এতদ্বিষয়ে বন্ড অফিসারের প্রত্যয়নপত্র পেশ করতে হবে।

০২। আদেশের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

(শাহনাজ পারভীন)
দ্বিতীয় সচিব (শুল্ক রপ্তানি ও বন্ড)

প্রাপক,

১। কমিশনার
কাস্টম হাউস
ঢাকা/চট্টগ্রাম/মংলা।

২। কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (উঃ)/ঢাকা(দঃ)/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/খুলনা।